গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

সমবায় অধিদপ্তর

www.rdcd.gov.bd

# আগস্ট মাসে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | মো: শফিকুর রেজা বিশ্বাস |
| | : | নিবন্ধক ও মহাপরিচালক |
| **তারিখ ও সময়** | : | ০৯-০৮-২০২৩, সকাল-১০.৩০ মি: |
| **স্থান** | : | সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষ 'পায়রা' |
| **উপস্থিত সদস্যবৃন্দ** | : | পরিষ্ট-'ক' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট সকল শহীদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন ও আত্মার মাগফিরাত কামনা করা হয়। সভাপতি সকলের সাথে পরিচিত হন। সভাপতি এ পর্যায়ে যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) কে আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। পরবর্তীতে নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | **গত সভার কার্যবিবরণী অনুমোদন;** | গত ০৬/০৬/২০২৩ তারিখে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সকল সদস্যদের নিকট প্রেরণ করা হয় এবং সভায় উপস্থাপন করা হয়। কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | ১. গত ০৬/০৬/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হল। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০২. | **বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর কার্যক্রম সংক্রান্ত;** | ১. মিল্ক ইউনিয়ন এর মহাব্যবস্থাপক (কারিগরি ও অপারেশন) সভায় জানান, গত ২০২২-২৩ অর্থবছরে দুগ্ধ সংগ্রহের লক্ষ্যমাত্রা ছিল ৪ কোটি লিটার; সংগ্রহ করা হয়েছে ৩,৭৭,৭১,৪৯৫ লিটার। তবে দুগ্ধের মূল্য বৃদ্ধি পাওয়ায় ২০২৩-২৪ অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী দুগ্ধ সংগ্রহ করা সম্ভব হবে। বর্তমানে প্রতিদিন প্রায় সোয়া লক্ষ লিটার করে দুগ্ধ সংগ্রহ করা সম্ভব হচ্ছে। ২০২২-২৩ অর্থবছরের মে/২৩ পর্যন্ত আয়-ব্যয়ের হিসাব প্রেরণ করা হয়েছে।<br>২. বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদি পশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন' প্রকল্প (১ম সংশোধিত) বর্তমানে বাস্তবায়নাধীন আছে। এই প্রান্তিকের ১ম কিস্তির অর্থ ছাড় করার জন্য পত্র দেয়া হয়েছে।<br>৩. "বৃহত্তর দিনাজপুর-রংপুর জেলায় দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে দুধালো গাভীর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণে প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপন" শীর্ষক প্রকল্প এবং 'গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় মিল্ক ভিটার গবাদি পশুর ঔষধ উৎপাদন কারখানা স্থাপন' শীর্ষক প্রকল্পটি জুলাই ২০২৩ হতে জুন ২০২৬ মেয়াদে | ১. প্রতি দ্বি-মাসিক সমন্বয় সভায় বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড(মিল্ক ইউনিয়ন) এর কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করতে হবে।<br>২. মিল্ক ইউনিয়নকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করতে বিপণন ব্যবস্থার উন্নয়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড।<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বাস্তবায়নের প্রস্তাব রয়েছে। | ৩. আয়-ব্যয়ের হিসাব নিয়মিতভাবে সমবায় অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড |
| | | | ৪. পাইপলাইনে থাকা প্রকল্প অনুমোদনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড |
| | | | ৫. মিল্ক ইউনিয়নের চলমান প্রকল্পটি যথাযথভাবে পরিচালনা করতে হবে। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য শতভাগ পূরণ করতে সচেষ্ট হতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড |
| ০৩ | **চিলিং প্লান্ট স্থাপন;** | ১. যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) জানান, সমবায় অধিদপ্তরের চলমান 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পটির আওতাভুক্ত উপজেলাসমূহে চিলিং প্লান্ট স্থাপন করা সম্ভব হলে প্রান্তিক সমবায়ী খামারীরা উপকৃত হবে। | ১. প্রকল্পভুক্ত উপজেলাসমূহের চিলিং প্লান্ট স্থাপনের বিষয় বিবেচনা করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: |
| | | ২. প্রকল্পের পরিচালক জানান, প্রকল্পের আওতায় সমবায়ী খামারীদের দুগ্ধ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হবে। এক্ষেত্রে প্রাণি সম্পদ কর্মকর্তা ও মিল্ক ইউনিয়নের কর্মকর্তাদের সহযোগিতার প্রয়োজন। মিল্ক ইউনিয়নের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের এ বিষয়ে নির্দেশনা প্রদান করার অনুরোধ জানান। | ২. উক্ত প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে সমবায়ী খামারীদের প্রশিক্ষণের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় সহযোগিতা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক,'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্প |
| ০৪. | **বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর কার্যক্রম সংক্রান্ত;** | উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লি: জানান, ২০২২-২০২৩ অর্থবছরের মে ও জুন ২০২৩ মাসের মধ্যে পার্সোনাল ঋণ হিসেবে ৩ কোটি ৭২ লক্ষ টাকা ১০৬ জন সুবিধাভোগীকে এবং স্বর্ণ বন্ধকী ঋণ হিসেবে ৩ কোটি ৭১ লক্ষ ৫৯ হাজার টাকা ২৫৭ জন সুবিধাভোগীর মধ্যে বিতরণ করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরে মোট বিতরণ ৭ কোটি ৪৩ লক্ষ ৫৯ হাজার টাকা এবং মোট আদায় ৭ কোটি ৬৪ লক্ষ ১৫ হাজার টাকা। ২০২২-২০২৩ অর্থবছরের জুলাই ২০২২ হতে জুন ২০২৩ পর্যন্ত মুনাফার পরিমাণ ২,০৯,০৮,৭৬২.৩২ টাকা। তিনি জানান, সমবায় অধিদপ্তরের কর্মচারীদের মধ্যে ঋণ রয়েছে। ঋণ খেলাপীদের বিবরণীসহ নামের তালিকা ০১(এক) সপ্তাহের মধ্যে প্রেরণ করার জন্য আলোচনা করা হয়। | ১. পরবর্তী সমন্বয় সভায় বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর সামগ্রিক কার্যক্রম (ঋণ কার্যক্রম, আয়-ব্যয়ের হিসাব, প্রকল্প সংক্রান্ত, সমস্যা ও প্রতিকারে করণীয়) উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সমবায় ব্যাংক লি: |
| | | | ২. অনাদায়ী ঋণ আদায় এবং মুনাফা বৃদ্ধির বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সমবায় ব্যাংক লি: ২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ৩. সমবায় অধিদপ্তরের কর্মচারীদের ঋণ খেলাপীদের বিবরণীসহ নামের তালিকা ১ সপ্তাহের মধ্যে প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সমবায় ব্যাংক লি: |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৫. | **ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত।** | যুগ্মনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) জানান, ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত দ্বি-মাসিক ভিত্তিতে ব্যাংক স্টেটমেন্ট যাচাইপূর্বক প্রত্যয়নপত্র এবং ব্যাংক স্টেটমেন্ট নির্ধারিত সময়ে পাওয়া যাচ্ছে না। তিনি জানান, রংপুরের "দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গঙ্গাচড়া উপজেলায় ডেইরী সমবায় কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক সমাপ্ত প্রকল্প, ময়মনসিংহের 'গারো সম্প্রদায়ের জীবন যাত্রার উন্নয়ন' শীর্ষক সমাপ্ত প্রকল্প এবং বরিশালের 'উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন মান উন্নয়ন' শীর্ষক সমাপ্ত প্রকল্পের ঘূর্ণায়মান আবর্তক তহবিলের ঋণ আদায়ের হার কম। | ১. প্রতি দুই মাস অন্তর ব্যাংক স্টেটমেন্ট যাচাইপূর্বক প্রত্যয়নপত্র নির্ধারিত সময়ের মধ্যে উৎপাদনমুখী শিল্প শাখায় প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. ঘূর্ণায়মান আবর্তক তহবিলের ঋণ টার্গেট অনুযায়ী আদায় নিশ্চিত করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ০৬. | **সমাপ্ত প্রকল্পের অডিট ও রিটার্ন সংক্রান্ত** | সমাপ্ত প্রকল্পের সমবায় সমিতিগুলোর আবর্তক ঋণের উপর সম্পাদিত অডিট নোট পর্যালোচনা করে কোন আর্থিক অনিয়ম/অর্থ আত্মসাৎ/অসঙ্গতি পরিলক্ষিত হলে তদানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ দপ্তরে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. সমাপ্ত প্রকল্পের অধীন সমবায় সমিতিগুলোর অডিট নোটের উপর কার্যক্রমের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. যুগ্মনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) |
| | | সকল সমাপ্ত প্রকল্পের ঋণ আদায় ও বিতরণ সংক্রান্ত রিটার্ন যথাযথ প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | ২. সকল সমাপ্ত প্রকল্পের ঋণ সংক্রান্ত রিটার্ন যথাসময়ে প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ০৭. | **আশ্রয়ণ প্রকল্পের ঋণ কার্যক্রম সংক্রান্ত;** | আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের মধ্যে ঋণ প্রদানের বিষয়ে গুরুত্বপূর্ণভাবে আলোচনা করা হয়। আশ্রয়ণ প্রকল্প -২ এর আওতায় নতুন নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা, সমিতির সদস্য সংখ্যার তথ্য এবং আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় অগ্রগতি প্রতি মাসে এ দপ্তরে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. আশ্রয়ণ-২ প্রকল্পের নিবন্ধিত সমবায় সমিতি সংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসে প্রেরণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর |
| | | | ২. আশ্রয়ণ-২ প্রকল্পের ঋণ কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর |
| ০৮. | **প্রশিক্ষণ কার্যক্রম সংক্রান্ত** | সভাপতি বলেন, সমবায় সমিতির সদস্যেদের দক্ষতা বৃদ্ধি এবং কার্যক্রমে গতিশীলতা আনয়নের নিমিত্ত মানসম্মত প্রশিক্ষণের গুরুত্ব অপরিসীম। অতি: নিবন্ধক (ইপিপি) জানান ২০২৩-২৪ অর্থবছরের প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়নপূর্বক ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে।<br>অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি জানান, লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো বলেন, সমবায় একাডেমিতে ডিপ্লোমা কোর্স চালুর উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | ১. লক্ষ্যমাত্রা অনুযায়ী মানসম্মত প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করতে হবে। | ১. অতিরিক্ত নিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর<br>২. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা |
| | | | ২. প্রশিক্ষণ সংক্রান্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১. অতিরিক্ত নিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর<br>২. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | ৩. সমবায় একাডেমিতে ডিপ্লোমা কোর্স চালুর সক্ষমতা, সম্ভবনা ও চ্যালেঞ্জের বিষয়ে সামগ্রিক একটি প্রতিবেদন দাখিল করতে হবে। | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা |
| ০৯. | অডিট কার্যক্রম মনিটরিং | অডিট ফি সঠিকভাবে ধার্য ও আদায় করার বিষয়ে আলোচনা করা হয়। জেলা সমবায় কার্যালয় পরিদর্শনপূর্বক অডিট নোট পর্যালোচনা করে ধার্যকৃত অডিট ফি এর সঠিকতা যাচাই নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা করা হয়। | ১. অডিট নোট পর্যালোচনাপূর্বক অডিট ফি এর সঠিকতা যাচাইয়ের বিষয়টি মনিটরিং করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর ২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ অডিট সম্পাদন ও অডিট ফি আদায় শতভাগ নিশ্চিত করতে হবে। | ১.যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর ২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১০. | সমবায় উন্নয়ন তহবিলের চাঁদা আদায় সংক্রান্ত। | ২০২১-২০২২ সনের অডিট নোটের ভিত্তিতে সঠিকভাবে সমবায় সমিতির সংখ্যা নির্ধারণ এবং সমবায় উন্নয়ন তহবিলের ধার্যকৃত চাঁদা শতভাগ আদায় নিশ্চিত করতে হবে, সমবায় উন্নয়ন তহবিল আদায় ১০০% নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিভাগীয় যুগ্মনিবন্ধকগণ জেলা সমবায় কার্যালয় পরিদর্শন করে অডিট নোট পর্যালোচনাপূর্বক সমবায় উন্নয়ন তহবিলের সঠিকতা যাচাই এবং ইপিপি শাখা কর্তৃক পর্যবেক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. ২০২১-২০২২ সনের অডিট নোটের ভিত্তিতে সঠিকভাবে সমিতির সংখ্যা নির্ধারণ এবং সমবায় উন্নয়ন তহবিলের ধার্যকৃত চাঁদা শতভাগ আদায় নিশ্চিত করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর ২.বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. সমবায় উন্নয়ন তহবিলের সঠিকতা যাচাইয়ের বিষয়টি মনিটরিং করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর ২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১১. | আদালতে বিচারাধীন মামলা সংক্রান্ত | সভায় জানানো হয়, বিভিন্ন আদালতে মোট ৪৮৫টি মামলা বিচারাধীন রয়েছে। এর মধ্যে উচ্চ আদালতে ৩৩৬টি ও নিম্ন আদালতে ১৪৯টি মামলা রয়েছে। বিবেচ্য ০২ (দুই) মাসে নিম্ন আদালতে ০১টি মামলা নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। মামলা সংক্রান্ত রেজিস্ট্রার আবশ্যিকভাবে হালনাগাদ রাখার বিষয়ে আলোচনা হয়। | ১. পেন্ডিং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২. মামলা সংক্রান্ত রেজিস্ট্রারসমূহ যথাযথভাবে সংরক্ষণ/হালনাগাদ করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) , সমবায় অধিদপ্তর ২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) ৩. উপনিবন্ধক (প্রশাসন), সমবায় অধিদপ্তর |
| ১২. | তথ্য অধিকার সংক্রান্ত | এ দপ্তরের আওতাধীন ও প্রধান কার্যালয়ের তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স নির্দেশনা মোতাবেক বিগত ০৫/০১/২০২৩ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। বর্তমানে তথ্য অধিকার আইন ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ তৈরী/হালনাগাদ করার বিষয়টি বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় তথ্য অধিকার কর্ম পরিকল্পনার লক্ষ্যমাত্রা বাস্তবায়ন অংশ থেকে বাদ দেওয়া হয়েছে বিধায় এ বিষয়টি আলোচ্যসূচি থেকে বাদ দেওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | ১. তথ্য অধিকার আইন ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্য বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে হালনাগাদ রাখতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) ২. উপনিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর |
| | | | ২.তথ্য অধিকার আইন ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ তৈরী/হালনাগাদ এ এজেন্ডাটি বাদ দিতে হবে। | সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন), সমবায় অধিদপ্তর |
| ১৩. | এপিএ/ জিআরএস/ এনআইএস/সিটিজেন চার্টার সংক্রান্ত বিষয়াদি। | এপিএ/জিআরএস/এনআইএস সংক্রান্ত বিষয়গুলো লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন এবং সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয় পর্যায়, জেলা পর্যায় এবং উপজেলা পর্যায়ে হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এপিএর মাস ভিত্তিক কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের বিষয়ে আলোচনা | ১.এপিএ/জিআরএস/এনআইএস সংক্রান্ত বিষয়গুলো নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) ২. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ বাস্তবায়ন কমিটি |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | করা হয়। | ২. সংশ্লিষ্ট প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ বাস্তবায়ন কমিটি |
| ১৪. | রাজস্ব অডিট আপত্তি সংক্রান্ত | সমবায় অধিদপ্তর এবং আওতাধীন দপ্তরসমূহের মোট রাজস্ব অডিট আপত্তির সংখ্যা ১৩৬টি এবং সিভিল অডিট আপত্তির সংখ্যা ০১টি। উক্ত ১৩৬টি আপত্তির মধ্যে সাধারণ অনুচ্ছেদের সংখ্যা ১২৯টি এবং অগ্রিম অনুচ্ছেদের সংখ্যা ০৭টি।<br>১২৯টি সাধারণ অডিট আপত্তি নিষ্পত্তির জন্য দ্বি-পক্ষীয় সভায় উপস্থাপিত হলে ৬৯টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয় এবং অবশিষ্ট ৬০টি আপত্তির বিষয়ে সংশোধিত ব্রডশীট জবাব ও যথাযথ প্রমাণক প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| | | | ২. দ্বি-পক্ষীয় বা ত্রিপক্ষীয় সভা আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| | | | ৩. সমন্বয় সভায় অডিট আপত্তি সংক্রান্ত তথ্য উপস্থাপন করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| | | | ৪. অডিট নির্ধারিত ফরমে অডিট আপত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| ১৫. | ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি সংক্রান্ত। | ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি মনিটরিং, চিহ্নিতকরণ, ঝুঁকি হ্রাসের উদ্যোগ গ্রহণ ও সমিতির তালিকার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।<br>এছাড়া ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির তথ্য প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | ১.ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি মনিটরিং, চিহ্নিতকরণ এবং ঝুঁকি হ্রাসের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২.ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির তথ্য নিয়মিত প্রেরণ করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ. মওবি), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১৬. | অনিষ্পন্ন বিষয়াদি | সভাপতি, সিটিজেন চার্টার ও বিধি বিধানের আলোকে জনগণের চাহিত সেবা যথাসময়ে প্রদানের পরামর্শ প্রদান করেন। এছাড়া, বিভিন্ন দপ্তরের নিকট চাহিত তথ্য/প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের জন্য পরামর্শ প্রদান করেন।<br>নির্ধারিত ছক অনুযায়ী অনিষ্পন্ন বিষয়াদির তালিকা প্রতি দ্বি-মাসিক সভায় উপস্থাপন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. যথাসময়ে জনগণের প্রত্যাশিত সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (প্রশাসন,মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| | | | ২. নির্ধারিত ছক মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে রিপোর্ট/রিটার্ন/তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে। | সদস্য সচিব, (এ সংক্রান্ত গঠিত কমিটি) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | ৩. অনিষ্পন্ন বিষয়াদির তালিকা প্রেরণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (প্রশাসন) |
| ১৭. | **সমবায় সমিতির নিবন্ধন সংক্রান্ত।** | সভায় জানানো হয়, প্রাথমিক, কেন্দ্রীয় এবং জাতীয় সমিতি সংখ্যা যথাযথক্রমে ১৮৭৪২৩, ১২০৫ ও ১১। সভাপতি সমিতির নিবন্ধন ও বাতিল সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন যথা সময়ে মহাপরিচালক বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১. সমবায় সমিতি নিবন্ধন ও বাতিল সংক্রান্ত তথ্য হালনাগাদ রাখতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন)<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১৮. | **অফিস পরিদর্শন** | সভাপতি বলেন, কোন কার্যালয়ের কার্যক্রমের গতিশীলতা আনয়নে মনিটরিং ও পরিদর্শনের গুরুত্ব অপরিসীম। এ বিষয়ে সকলকে তিনি কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানান। অফিস পরিদর্শন ও সমিতি পরিদর্শন সম্পর্কিত ছক হালনাগাদপূর্বক তৈরী করে মাঠ পর্যায়ে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. অফিস মনিটরিং ও পরিদর্শন কার্যক্রম জোরদার করতে হবে। | ১. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স),<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. পরিদর্শন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |

পরিশেষে সভাপতি সমবায় অধিদপ্তরের সকল কাজের গতিশীলতা আনয়নে জনগণের প্রত্যাশিত সেবা যথাসময়ে প্রদান নিশ্চিতকরণ এবং সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
মো: শফিকুর রেজা বিশ্বাস
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০৪.০০(৫ম খন্ড)- ১২৭(৬০) স/মূ; তারিখ: ১০/০৯/২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) / (সমিতি ব্যবস্থাপনা) / (অডিট ও আইন) / (ইপিপি), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৩। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন)।
০৪। মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড।
০৫। প্রকল্প পরিচালক, 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্প, সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৬। যুগ্মনিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৭। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা /চট্টগ্রাম /রাজশাহী /খুলনা /বরিশাল /সিলেট /রংপুর /ময়মনসিংহ।
০৮। উপনিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৯। উপনিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০। সহকারী নিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
১১। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০/০৯/২০২৩
(তানিয়া আক্তার)
সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ar.coordination@gmail.com